গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২২-২৩ শিক্ষাবর্ষে **Master of Applied Criminology and Police Management (MACPM)** প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্তে তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ-

১। ভর্তির যোগ্যতা:

পুলিশ কর্মকর্তা এবং নন-পুলিশ কর্মকর্তাগণ যারা নিম্নোক্ত যেকোন শর্ত পূরণ করেন তারা যোগ্য বলে বিবেচিত হবেন-

ক) যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে যেকোন বিষয়ে ৩ (তিন)/৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতকোত্তর ডিগ্রি।

খ) পুলিশ কর্মকর্তাদের জন্য: পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব পুলিশ কর্মকর্তা যাদের অনূন্য ২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে।

গ) ক্যাডার/নন-ক্যাডার বেসামরিক এবং সামরিক কর্মকর্তা, আইনজীবী এবং অন্যান্য পেশাজীবী যাদের ০৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা রয়েছে।

২। আবেদনের নিয়ম:

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

ক) এস.এস.সি/সমমান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি, বিপি নম্বরসহ);

চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ ১) প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

২) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী অথবা জিপিএ ২.৫০ এর নিম্নের প্রাপ্ত প্রার্থী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

৩। আবেদন ফি:

আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ ২০০০(দুই হাজার) টাকা প্রদান করতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

(ক) ভর্তির ফরম www.psc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তি ফরম জমাদানের **শেষ সময় ৩১ অক্টোবর,২০২৩** (বিকাল ৫টা পর্যন্ত)

বি: দ্র: নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। পুলিশ কর্মকর্তাদের জন্য করনীয়:

(ক) এএসপি ও তদুর্ধ কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রনালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনাল ম্যানেজমেন্ট-১ শাখায় প্রেরণ করবেন। (০২ টি ফর্ম)

(খ) পুলিশ পরিদর্শকগণের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনাল ম্যানেজমেন্ট-২ শাখায় প্রেরণ করতে হবে। (০১ টি ফর্ম)

(গ) সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

কোর্সটির সময়কাল: ১২ মাস/০২ সেমিস্টার	আবেদনের সময়কাল: ১১ অক্টোবর হতে ৩১ অক্টোবর ২০২৩ পর্যন্ত
সর্বমোট ক্রেডিট: ৪০	ভর্তি পরীক্ষা/আবেদনপত্র যাচাই/বাছাই : ১ নভেম্বর ০৯ নভেম্বর ২০২৩ পর্যন্ত
ক্লাসের সময়: শুক্রবার ও শনিবার	প্রাথমিক ফলাফল প্রকাশ: ১০ নভেম্বর এবং বাছাইকৃত আবেদনকারীদের এসএমএস এর মাধ্যমে ভর্তির পরীক্ষার তারিখ ও সময় জানানো হবে।
ভর্তির কার্যক্রম শুরু: ১৫ নভেম্বর ২০২৩	ক্লাস শুরুর তারিখ: জানুয়ারী ২০২৪

৬। যোগাযোগ:

যে কোন তথ্যের জন্য MACPM অফিস কক্ষ নম্বর-৪০৮, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৭১১৩০৫২০৬, ০১৩২০২১৬২১৩ ই-মেইল- macpm.psc@gmail.com ওয়েবসাইট: www.psc.gov.bd

পরিচালক (একাডেমিক)
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

সংক্ষিপ্ত সারঃ

মাস্টার অফ অ্যাপ্লাইড ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ ম্যানেজমেন্ট (MACPM)

এমএসিপিএম প্রোগ্রামটি পুলিশ ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থায় কর্মরত এবং আইন ও অপরাধ বিষয়ে বিভিন্ন পেশা, সংস্থা ও গবেষণাকর্মে নিয়োজিতদের জন্য সমসাময়িক অপরাধ সংক্রান্ত বিষয়াবলী সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান এবং কর্মক্ষেত্রে প্রয়োগের কৌশল রপ্ত করার লক্ষ্যে প্রণয়ন করা হয়েছে। এই কোর্সে অংশগ্রহণের মাধ্যমে তাঁরা কার্যকরভাবে নিজ নিজ দায়িত্ব পালনে আরো দক্ষতা ও সক্ষমতা অর্জন করবেন।

এমএসিপিএম প্রোগ্রামের উদ্দেশ্য

এই প্রফেশনাল প্রোগ্রামটি নিম্নোক্ত উদ্দেশ্য পূরণকল্পে চালু করা হয়েছে:

- পুলিশ অফিসার এবং সংশ্লিষ্ট অন্যান্য পেশার যোগ্য প্রার্থীগণকে একটি আধুনিক এবং মানসম্পন্ন কোর্সের মাধ্যমে সমসাময়িক পুলিশিং, অপরাধবিদ্যা এবং পুলিশ পরিচালনা বিষয়ে গুরুত্বপূর্ণ তত্ত্ব এবং বাস্তব প্রয়োগের সাথে পরিচয় করিয়ে দেয়া;
- প্রার্থীগণের কর্মজীবনে পেশাগত উন্নয়নের জন্য তাদের একাডেমিক জ্ঞানকে সমৃদ্ধ করা এবং পেশা সংক্রান্তে বক্তব্য ও বিশ্লেষণ কার্যকরভাবে উপস্থাপনের প্রয়োজনীয় দক্ষতার বিকাশ ঘটানো (Hard and Soft Skills);
- গবেষণা পদ্ধতি সম্পর্কে ও ফলাফল মূল্যায়নের জন্য প্রয়োজনীয় ধারণা এবং বিভিন্ন টুলের বাস্তব ব্যবহার শিক্ষা দেয়া।

প্রত্যাশিত ফলাফল

কোর্স সম্পাদন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত বিষয়ে সক্ষমতা/প্রায়োগিক উপযোগিতা অর্জন করবেন:

- নেতৃত্ব, অনুসন্ধান পদ্ধতি, প্রতিষ্ঠান ব্যবস্থাপনা, মানবাধিকার, রাষ্ট্রীয়/প্রাতিষ্ঠানিক নিরাপত্তা বিধান ইত্যাদি;
- প্রাসঙ্গিক গবেষণা এবং কর্মক্ষেত্রে গবেষণালব্ধ জ্ঞান ও প্রাপ্ত সমাধানের সফল প্রয়োগ;
- Cognitive Knowledge এবং বিশ্লেষণী দক্ষতা।

পাঠ্যক্রমে অন্তর্ভূক্ত বিষয়সমূহ

1st Semester	2nd Semester
Bangladesh State and Criminal Justice System	Criminal Psychology
Applied Criminology	Seminar on Policing and Law Enforcement
Police Leadership and Management	Research Methods in Criminology
Research Methods and Statistics in Criminology	Comprehensive
Organized Crime and Terrorism	Contemporary Issues in Policing
Victimology	Criminal Investigation and Forensic Science
	Thesis

সম্ভাব্য অংশগ্রহণকারী/শিক্ষার্থী

পুলিশ কর্মকর্তা, ক্যাডার/নন-ক্যাডার বেসামরিক কর্মকর্তা, সশস্ত্র বাহিনীর কর্মকর্তা, আইনজীবী এবং সংশ্লিষ্ট অন্যান্য পেশাজীবী।